জাতীয় যুব দিবস উপলক্ষে মেহেরপুরে পরিষ্কার পরিচ্ছন্ন অভিযান

জাতীয় যুব দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে মেহেরপুরে পরিষ্কার-পরিচ্ছন্ন অভিযানের উদ্বোধন করা হয়েছে।

জেলা প্রশাসন ও জেলা যুব উন্নয়ন অধিদপ্তর এবং মেহেরপুর পৌরসভার আয়োজনে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগপ্রতিরোধে মশার উৎপত্তিস্থল বিনষ্টকরণ, পানিপ্রবাহ স্বাভাবিক রাখা ও পরিবেশের ভারসাম্য রক্ষায় রুইমারি খাল পরিষ্কারকরণ অভিযান চালানো হয়েছে।

আজ রবিবার (৩ নভেম্বর) সকাল ১১টার দিকে মেহেরপুর সদর উপজেলার গোপালপুর রুইমারির খাল পরিষ্কার-পরিচ্ছন্ন অভিযানের উদ্বোধন করেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

এসময় সেখানে স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মোঃ শামীম হোসেন, অতিরিক্ত জেলা প্রশাসক তরিকুল ইসলাম, উপজেলা নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) গাজী মূয়ীদুর রহমান, জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক ফিরোজ আহমেদ প্রমুখ উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুরে জাতীয় যুব দিবস পালিত

“দক্ষ যুব গড়বে দেশ, বৈষম্যহীন বাংলাদেশ”এই প্রতিপাদ্য কে সামনে রেখে ঝিনাইদহের কোটচাঁদপুরে জাতীয় যুব দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় উদ্যাপন উপলক্ষে বর্ণাঢ্য যুব র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার (০১ নভেম্বর) সকালে উপজেলা প্রসাশন ও যুব উন্নয়ন অধিদপ্তরের আয়োজনে উপজেলা পরিষদ চত্বর থেকে একটি র্যালি বের হয়ে

শহরের বিভিন্ন দিক প্রশিক্ষণ শেষে অফিসার্স ক্লাব মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার উঠছে মে। সভাপতিত্ব করেন উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা শামসুল আলম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাফদারপুর ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল মান্নান, দোড়া ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল জলিল বিশ্বাস, মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম, মাধ্যমিক একাডেমিক সুপারভাইজার ফারুক হোসেন, কোটচাঁদপুর উপজেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক আব্দুল্লাহ বাশার, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের সাইফুল ইসলাম শিলু, ফায়েজ আহাম্মেদ অনিক, শাহরিয়ার রহমান অভিক, আলী হাসান প্রমুখ।

সে সময় ১১ জনের মাঝে ৮ লাখ ২০ হাজার টাকার যুব ঋণের চেক বিতরণ করা হয়। এ সময় শিক্ষক, ছাত্র, ছাত্রী, উদ্দোক্তা উপজেলা প্রশাসনের কর্মকর্তা সহ নানা শ্রেণি পেশার মানুষ উপস্থিত ছিলেন।

মুজিবনগরে জাতীয় যুব দিবস পালন

“দক্ষ যুব গড়বে দেশ, বৈষম্যহীন বাংলাদেশ “এই প্রতিপাদ্যকে সামনে রেখে মুজিবনগরে পালিত হয়েছে জাতীয় যুব দিবস।

দিবসটি উপলক্ষে আজ শুক্রবার সকালে উপজেলা পরিষদ চত্বর থেকে একটি যুব র্যালি বের হয়ে বিভিন্ন সড়ক প্রদক্ষিন শেষে একই জায়গায় এসে শেষ হয়। পরে উপজেলা পরিষদ অডিটরিয়ামে উপজেলা প্রশাসন ও উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তরের আয়োজনে, আলোচনা সভা, প্রশিক্ষণ সনদ ও ঋণের চেক বিতরণ অনুষ্ঠিত হয়।

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা রকিব উদ্দিনের সভাপতিত্বে এবং উপজেলা সহকারী যুব উন্নয়ন কর্মকর্তা জাফর ইকবাল এর সঞ্চালনায়, আলোচনা সভা, প্রশিক্ষণ সনদ ও চেক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মুজিবনগর থানার এস আই সাজ্জাদ হোসেন, মুজিবনগর উপজেলা ছাত্র সমন্বয়ক আরিফ খান, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সী ওমর ফারূক প্রিন্স। এছাড়াও উপস্থিত ছিলেন উপজেলা মডেল মসজিদের পেশ ইমাম মতিউর রহমানসহ প্রশিক্ষণার্থীবৃন্দ।

জাতীয় যুব দিবস উপলক্ষে আত্মকর্মসংস্থান সুযোগ সৃষ্টির লক্ষে এবং যুবকদের আত্মনির্ভরশীল হিসাবে গড়ে তোলার জন্য অনুষ্ঠান শেষে ১৪ জন যুবক ও যুবতি মহিলার মাঝে সাড়ে ১০ লক্ষ টাকার ঋণের চেক ও প্রশিক্ষণ প্রাপ্তদের মাঝে সনদপত্র বিতরণ করা হয়।

এ সময় উপজেলার বিভিন্ন অফিসের কর্মকর্তা কর্মচারী সাংবাদিক ও যুবক-যুবতিরা উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় জাতীয় যুব দিবস পালিত

“দক্ষ যুব গড়বে দেশ,বৈষম্যহীন বাংলাদেশ”-এ স্লোগান কে সামনে রেখে দামুড়হুদা উপজেলায় জাতীয় যুব দিবস -২০২৪ পালিত হয়েছে।

দিবসটি পালন উপলক্ষে উপজেলা পরিষদের সভাকক্ষে আলোচনা সভা-যুব ঋণ-সনদ ও গাছের চারা বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

আজ শুক্রবার বেলা সাড়ে ১০ টার দিকে উপজেলা প্রশাসন ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দামুড়হুদা কার্যালয়ের যৌথ আয়োজনে উপজেলা পরিষদ সভাকক্ষে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জাহাঙ্গীর আলম এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,উপজেলার সুযোগ্য নির্বাহী অফিসার মমতাজ মহল।বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জামান পলাশ,সাধারণ সম্পাদক তানজীর ফয়সাল।

সহকারী যুব উন্নয়ন কর্মকর্তা রেজাউল করিমের সঞ্চালনায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, সাংবাদিক হাবিবুর রহমান,সহকারী যুব উন্নয়ন

কর্মকর্তা মশিউর রহমান,শারমিন নাহার,সাংবাদিক হাতেম সহ প্রায় অর্ধশতাধিক যুবক।

আলোচনা সভায় উপস্থিত বক্তারা বলেন, আমরা বীরের জাতি,আমাদের যুবরা আগামী দিনের ভবিষ্যৎ।ভবিষ্যতের জন্য আশার আলো নিয়ে প্রশিক্ষণের মাধ্যমে যুবকরা তাদের লক্ষ্যে পৌঁছে যাবে এবং সফলতা অর্জন করবে এমন আশাব্যাক্ত করে।

আলোচনা সভা শেষে বিভিন্ন ট্রেডে ২০ জন প্রশিক্ষণ গ্রহণকৃত প্রশিক্ষিত যুবকদের মাঝে ৩০ হাজার টাকা করে সর্বমোট ৬ লাখ টাকার যুব ঋণের চেক, ৩ জনকে প্রশিক্ষণ সনদ ও ১০ জন যুবকের মাঝে ফলজ গাছের চারা বিতরণ করেন।

মেহেরপুরে জাতীয় যুব দিবস পালিত

“দক্ষ যুব গড়বে দেশ, বৈষম্যহীন বাংলাদেশ” এই প্রতিপাদ্যে মেহেরপুরে জাতীয় যুব দিবস ২০২৪ পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে বর্ণাঢ্য র্যালি, আলোচনা সভা, যুব ঋণের চেক, সনদপত্র ও ক্রেস্ট বিতরণ কর্মসূচীর আয়োজন করা হয়েছে।

মেহেরপুর জেলা প্রশাসন ও জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের আয়োজনে আজ শুক্রবার (১ নভেম্বর) সকাল ১০ টার দিকে সদর উপজেলা পরিষদের হলরুমে এক আলোচনা সভার আয়োজন করা হয়।

আলোচনার আগে জেলা প্রশাসনের কার্যালয় থেকে একটি র্যালি বের করা হয়। র্যালিটি প্রধান সড়ক প্রদক্ষিণ করে সদর উপজেলা পরিষদ চত্বরে এসে শেষ হয়।

জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক ফিরোজ আহমেদের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

এসময় যুবকদের উদ্দেশ্য করে তিনি বলেন, যুবসমাজকে সচেতন থাকতে হবে

এবং অন্যদের কেউ সচেতন করতে হবে।
যুবসমাজকে মাদক থেকে দূরে থাকতে হবে এবং একজন দক্ষ নাগরিক হিসেবে গড়ে উঠতে হবে।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলাপ্রশাসক (সার্বিক) মোঃ তরিকুল ইসলাম, সদর উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) গাজী মূয়ীদুর রহমান, জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের ডেপুটি কো-অডিনেটর ইকবাল মাহমুদ, ডিবির ওসি শেখ মেজবা উদ্দিন প্রমুখ।

জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের সিনিয়র প্রশিক্ষক মোছাঃ মাহমুদা খাতুনের সঞ্চালনায় এছাড়াও এসময় সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোঃ সাজেদুল ইসলাম, সিনিয়র প্রশিক্ষক মোঃ আমিনুল ইসলাম উপস্থিত ছিলেন।

আলোচনার পরে শপথ পাঠ, যুব ঋণের চেক, সনদপত্র ও ক্রেস্ট বিতরণ করা হয়।

জীবননগরের মনোহরপুর জাতীয় যুব দিবস পালিত

জীবননগরে জাতীয় যুব দিবস উপলক্ষ্যে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার সকাল সাড়ে ১০টার সময় উপজেলার মনোহরপুর ইউনিয়নের ধোপাখালী গ্রামের সমৃদ্ধ কেন্দ্রে জাতীয় যুব দিবস উপলক্ষে র্যালী, আলোচনা সভা ও সংস্কৃতি অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আলোচনা সভায় ওয়েভ ফাউন্ডেশনের ইউনিয়ন যুবদের আয়োজনে পল্লি কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় জীবননগর ইয়ুথ এ্যাসেম্বলির সভাপতি ও মাই টিভি প্রতিনিধি মিথুন মাহমুদের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মনোহরপুর ইউনিয়ন পরিষদের সদস্য আদিলুল করিম ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মনোহরপুর ইউনিয়ন পরিষদের সদস্য তৌফিকুজ্জামান টিটু, সাংবাদিক এ,আর, ডাবলু, বাঁকা ইউনিয়ন সমৃদ্ধি কর্মসূচির সমন্বয়ক আব্দুল আওয়াল, ওয়েভ ফাউন্ডেশন কর্মকর্তা লিটনসহ শত শত যুবক-যুবতী এসময় উপস্থিত ছিলেন।
ব

ক্তারা তাদের বক্তব্যে বলেন, “যুবদের সেবা, উদ্যোগ ও উদ্ভাবনী মানসিকতা দেশ ও দেশের অর্থনৈতিক উন্নয়নে অগ্রণী ভূমিকা পালন করছে। মহান মুক্তিযুদ্ধ থেকে শুরু করে ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে দেশের যুব সমাজের অংশীদারিত্ব ছিল অন্যতম। দেশের যুব সমাজের বৃহদাংশ আজ উদ্যোক্তা হিসেবে পরিচিত। যারা দেশের মৎস্য, কৃষি, বস্ত্র, হস্তশিল্পসহ বিভিন্ন ক্ষেত্রে অর্থনৈতিক কর্মকাণ্ডের মধ্য দিয়ে দেশকে সমৃদ্ধ করে তুলছে”।

জীবননগরে জাতীয় যুব দিবস পালিত

জীবননগরে জাতীয় যুব দিবস উপলক্ষ্যে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার সকাল ১০টার সময় উপজেলা প্রশাসন ও যুব উন্নয়ন অধিদপ্তরের আয়োজনে জাতীয় যুব দিবস উপলক্ষ্যে উপজেলা পরিষদ চত্বর থেকে র্যালী বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে উপজেলা পরিষদের হলরুমে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা, মহিলা ভাইস-চেয়ারম্যান আয়েশা সুলতানা লাকী, রায়পুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান তাহাজ্জদ মির্জা প্রমূখ। আলোচনা সভা শেষে যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষণার্থীদের মাঝে চেক বিতারণ করা হয়। অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন যুব উন্নয়ন কর্মকর্তা জাহাঙ্গীর আলম।

এদিকে একই দিনে বিকাল ৪টার সময় উপজেলার বাঁকা ইউনিয়নের বাঁকা

গ্রামের সমৃদ্ধ কেন্দ্রে জাতীয় যুব দিবস উপলক্ষে আলোচনা সভা ও সংস্কৃতি অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আলোচনা সভায় ওয়েভ ফাউন্ডেশনের ইউনিয়ন যুবদের আয়োজনে পল্লি কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় বাঁকা ইউনিয়ন পরিষদের সাবেক সদস্য খলিলুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর ইয়ুথ এ্যাসেম্বলির সভাপতি ও মাই টিভি প্রতিনিধি মিথুন মাহমুদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাংবাদিক এ,আর, ডাবলু, বাঁকা ইউনিয়ন সমৃদ্ধি কর্মসূচির সমন্বয়ক ইশরাত জাহান, ওয়েভ কর্মকর্তা পাপিয়া খাতুন, বাঁকা ইউনিয়ন যুব কমিটির সভাপতি ইনামুল হক।

প্রধান অতিথির বক্তব্যে মিথুন মাহমুদ বলেন, “যুবদের সেবা, উদ্যোগ ও উদ্ভাবনী মানসিকতা দেশ ও দেশের অর্থনৈতিক উন্নয়নে অগ্রণী ভূমিকা পালন করছে। মহান মুক্তিযুদ্ধ থেকে শুরু করে ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে দেশের যুব সমাজের অংশীদারিত্ব ছিল অন্যতম। দেশের যুব সমাজের বৃহদাংশ আজ উদ্যোক্তা হিসেবে পরিচিত। যারা দেশের মৎস্য, কৃষি, বস্ত্র, হস্তশিল্পসহ বিভিন্ন ক্ষেত্রে অর্থনৈতিক কর্মকাণ্ডের মধ্য দিয়ে দেশকে সমৃদ্ধ করে তুলছে”।

মুজিবনগরের মোনাখালীতে জাতীয় যুব দিবস পালিত

পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) এর উদ্যোগে ও পল্লী কর্ম- সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়নে মোনাখালী ইউনিয়নে জাতীয় যুব দিবস-২০২৩ পালন উপলক্ষে আলোচনা সভা করা হয়েছে।

আজ বুধবার (০১ নভেম্বর) মোনাখালী সমৃদ্ধি শাখা অফিসে জাতীয় যুব দিবস-২০২৩ পালন উপলেক্ষ আলোচনা সভা করা হয়।

উক্ত আলোচনা সভা উপস্থিত ছিলেন মোনাখালী সমৃদ্ধি শাখার কর্মসূচী সমন্বয়কারী মোহাঃ হাসানুজ্জামান, ইউনিয়ন যুব কমিটির

সভাপতি আক্তারুজ্জামান, ইউনিয়ন প্রবীন কমিটির সভাপতি আব্দুল মান্নান, বীর মুক্তিযোদ্ধা আমজাদ হোসেন এছাড়াও উপস্থিত ছিলেন সমৃদ্ধি কর্মসূচীর স্বাস্থ্য কর্মকর্তাগন, সমাজ উন্নয়ন কর্মকর্তা এবং উক্ত ইউনিয়নের যুবগণ।

উক্ত আলোচনা সভায় মোনাখালী ইউনিয়নের যুবদের উদ্যোক্তা হয়ে বাংলাদেশ গড়ার জন্য করণীয় বিষয়ে ২ দিন ব্যাপী মোট ২০০ জন যুবকে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে স্বাবলম্বী যুব গড়ার উদ্দ্যোগ গ্রহন করা হয়।

জাতীয় যুব দিবস উপলক্ষে বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন

জাতীয় যুব দিবস উপলক্ষে বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করেছে মেহেরপুর জেলা যুব উন্নয়ন অধিদপ্তর। দিবসটি উপলক্ষে মেহেরপুর জেলা উন্নয়ন অধিদপ্তরের উদ্যোগে সোমবার সকালের দিকে যুব উন্নয়ন অধিদপ্তর প্রাঙ্গনে ক্রিড়া প্রতিযোগিতার উদ্বোধন করা হয়।

জেলা যুব উন্নয়নের দপ্তরের উপ-পরিচালক কে এম জাহিদ হোসেনের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক,এস এম ওবায়দুল বাশার, কো-অর্ডিনেটর লক্ষন বাহাদুর, সদর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বিপ্লব কুমার কুন্ডু,নোবেল প্রমুখ।